

গবেষণামূলক অনুষ্ঠান

ইসলাম ও আরবী ভাষা ওতপ্রোতভাবে জড়িত। কুরআন, হাদীস, ইলমে তাসাউফ, ফিকহশাস্ত্রসহ ধর্মীয় সকল মৌলিক গ্রন্থই আরবী ভাষায় রচিত ও মুদ্রিত। আরবী ছাড়া অন্য কোন ভাষায় ইসলাম ধর্মের মৌলিক গ্রন্থ নেই।

আমাদের দেশে বহুল প্রচলিত তাফসীরে ইবনুল কাহীর আরবী ভাষা থেকে বাংলায় অনুবাদ, আল্লামা শফী'র তাফসীরে মা'আরেফুল কুরআন আরবী-উর্দু থেকে বাংলায় অনুবাদ, তাফসীরে তাবারীসহ সকল সাফসীর গ্রন্থই আরবী ভাষায় রচিত। বিশ্ববরেণ্য ইমাম বোখারী, ইমাম মুসলিম, আবু দাউদ, তিরমিজি, ইবনে মাজাহ, ইমাম নাসাই'র মতো হাদীস ও ধর্মবিশারদগণ আরবী ভাষার লেখক। আরবী ভাষায় রচিত সাহিত্য, ইতিহাস, সমাজ বিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞানের গ্রন্থসমূহ পাঠ না করলে একজন নির্ভরযোগ্য মুফতী, মুহাদ্দিস ও মুফাসিসির হওয়া যায় না। আরবী সাহিত্য তথা আরবী ভাষা সম্পর্কে সঠিক জ্ঞান না থাকলে হক্কানী আলেম হিসেবে আল্লাহ, রাসূল ও আসমানী কিতাব সম্পর্কে ব্যাখ্যা-বিশ্লেষণ করে সঠিক ধর্মীয় জ্ঞান চর্চার বুনিয়াদ সৃষ্টি করা যায় না। ইসলামিক ফাউন্ডেশন এ জন্যই ধর্মীয় শিক্ষার প্রতি অপরিসীম গুরুত্ব ও প্রয়োজনীয়তার নিরীখে ধর্মীয় শিক্ষার কারিকুলাম পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনাপূর্বক ধর্মীয় শিক্ষারভিত্তি শক্তিশালী ও মজবুত কাঠামোয় দাঁড় করানোর উদ্যোগ নিয়েছে। আলিম পাশ সকল ছাত্র যাতে মোটামুটি আরবী সাহিত্য সম্পর্কে সঠিক জ্ঞান ও অনুবাদ করার শিক্ষা অর্জন করতে পারে সে বিষয়টি নিশ্চিত করার জন্য বিশেষজ্ঞগণের সমন্বয়ে মাদ্রাসা শিক্ষা বোর্ডের কারিকুলামকে নতুন আঙিকে সাজানোর উদ্যোগ নেয়ার পাশাপাশি আধুনিক বিশ্বে শিক্ষা, শান্তি, সমৃদ্ধি ও বুদ্ধিভূতিক চর্চায় মুসলমানদের অংশীদারিত্বের ধারাবাহিকতা নিশ্চিত করার লক্ষ্যকে সামনে রেখে নিম্নোক্ত কার্যক্রমসমূহ বাস্তবায়িত হচ্ছে –

ক্রম	কার্যক্রমের বিবরণ
০১.	আলিয়া মাদ্রাসার কারিকুলাম ও সিলেবাস প্রণয়ন
০২.	কওমী মাদ্রাসার কারিকুলাম ও সিলেবাস প্রণয়ন
০৩.	নেতৃত্বক শিক্ষার গুরুত্ব ও প্রয়োজনীয়তা
০৪.	দ্বিনি শিক্ষা বিস্তারে ইসলামিক ফাউন্ডেশনের করণীয়
০৫.	কুরআন ও হাদীসের আলোকে বস্ত্র নিয়ন্ত্রণ
০৬.	ইসলামী অর্থনীতি ও ব্যাংকিংয়ের রূপরেখা প্রণয়ন
০৭.	বিশ্বাস্তি প্রতিষ্ঠায় বিজ্ঞান, প্রযুক্তি ও ইসলামী মূল্যবোধের আলোকে নেতৃত্বক শিক্ষা প্রবর্তন
০৮.	উপমহাদেশের মাদ্রাসা শিক্ষায় সামঞ্জস্যতা আনয়নে বিভিন্ন দেশের কারিকুলাম ও সিলেবাস সংগ্রহ ও অনুবাদ
০৯.	উচ্চতর ইসলামী শিক্ষার (তাখাসুস কোর্স) পাঠ্যক্রম
১০.	আরবী ভাষা শিক্ষা কোর্স
১১.	গণমাধ্যমে প্রচারিত ইসলামী অনুষ্ঠান সংক্রান্ত গবেষণা
১২.	কুরআন-সুন্নাহর আলোকে বিদ্যমান চিকিৎসা পদ্ধতি
১৩.	সমসাময়িক জনগুরুত্বপূর্ণ ধর্মীয় বিষয়ে শরীয়তের দৃষ্টিভঙ্গি